**OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS**
*Help Center*

# নিউ ইয়র্ক স্টেট ক্যানাবিস আইন লঙ্ঘনের অভিযোগে যদি আপনাকে সমন জারি করা হয়, সেক্ষেত্রে কী জানা উচিত

## নিউ ইয়র্ক স্টেট ক্যানাবিস আইন কী বলে?

লাইসেন্স ছাড়া ক্যানাবিস বা ক্যানাবিসজাত পণ্য বিক্রি, বিতরণ বা বিনামূল্যে প্রদান করার সঙ্গে যুক্ত কোনো ব্যক্তি বা ব্যবসা জরিমানার আওতাভুক্ত হবে। NYC শেরিফ আইন লঙ্ঘনকারী ব্যক্তিকে আচরণ বন্ধ করার আদেশ দিতে পারেন। শেরিফ এমন কোনও স্থাপনা সিল করার আদেশও জারি করতে পারেন যেখানে ব্যক্তিরা "আসন্ন হুমকি" তৈরি করে এমনভাবে ক্যানাবিস আইন লঙ্ঘন করছে (যেমন, স্কুলের কাছাকাছি কাজ করা, নাবালকদের কাছে বিক্রি করা, স্থাপনায় লাইসেন্সবিহীন প্রক্রিয়াজাতকরণ, বন্ধ করার প্রাথমিক আদেশের পরেও খোলা থাকা, ইত্যাদি)।

## আমাকে সমন জারি করা হলে আমি কী করতে পারি?

আপনার বিকল্পগুলি সম্পর্কে নির্দেশাবলীর জন্য আপনি সমনের সামনের এবং পিছনের অংশটি পর্যালোচনা করতে পারেন। যদি আপনি সমনের বিরোধিতা করতে চান, তাহলে সমন জারি হওয়ার পাঁচটি কার্যদিবসের মধ্যে OATH-তে শুনানির অধিকার আপনার আছে। আইন অনুসারে OATH এই সমনগুলির উপর শুনানি পরিচালনা করার, এই সমনগুলির উপর সিদ্ধান্ত জারি করার এবং সিল করার আদেশের বিষয়ে শেরিফের কাছে সুপারিশ করার জন্য অনুমোদিত। আপনার নিজস্ব আইনি প্রতিনিধিত্ব পাওয়ার অধিকার আছে, তবে এটি বাধ্যতামূলক নয়। শুনানির সময় আপনি আপনার পছন্দের ভাষায় বিনামূল্যে একজন দোভাষী চাইতে পারেন। আপনার প্রমাণ উপস্থাপন করার এবং আপনার সাক্ষীদের হাজির করার অধিকার রয়েছে। যদি আপনি সমনে তালিকাভুক্ত শুনানির তারিখে বা তার আগে সমনের বিরোধিতা করতে প্রস্তুত না হন, তাহলে আপনি nyc.gov/oath/reschedule ওয়েবসাইটে অথবা যেকোনো OATH শুনানির স্থানে গিয়ে একবার শুনানির সময় পুনঃনির্ধারণের অনুরোধ করতে পারেন।

## শুনানিতে উপস্থিত না হয়ে কি আমি সমনটির জরিমানা পরিশোধ করতে পারি?

আপনি যদি লঙ্ঘনের বিষয়টি স্বীকার করতে চান, জরিমানা পরিশোধ করতে চান এবং শুনানিতে উপস্থিত না থাকতে চান, তবে নির্ধারিত শুনানির তারিখে বা তার আগে তা করতে পারেন।” আপনি অনলাইনে, ডাকযোগে, অথবা যেকোনো ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স ব্যবসা কেন্দ্রে সরাসরি অর্থ প্রদান করতে পারেন।

তবে, যদি শেরিফ সিল করার আদেশও জারি করে থাকেন, তাহলে জরিমানা পরিশোধ সেই আদেশকে প্রভাবিত করবে না এবং এর ফলে স্থাপনাটি সিলমুক্ত করা হবে না। সিল করার আদেশকে চ্যালেঞ্জ জানাতে, আপনি OATH-এ নির্ধারিত শুনানিতে উপস্থিত থাকতে পারেন।

## নিউ ইয়র্ক স্টেট ক্যানাবিস আইন লঙ্ঘনের অভিযোগে আমি কীভাবে সমনের জবাব দেব?

সমন পাওয়ার পর যত দ্রুত সম্ভব এবং সমনে থাকা শুনানির তারিখের আগে আপনাকে অবশ্যই OATH-এর সঙ্গে যোগাযোগ করতে হবে। যে বরোতে লঙ্ঘনের অভিযোগের উঠেছে, সেখানে ইমেল করে আপনি শুনানির অনুরোধ করতে পারেন: ব্রঙ্কস: RemoteBronx@oath.nyc.gov; স্ট্যাটেন আইল্যান্ড: RemoteSI@oath.nyc.gov; ব্রুকলিন: RemoteBKLYN@oath.nyc.gov; ম্যানহাটান: RemoteManhattan@oath.nyc.gov; কুইন্স: RemoteLIC@oath.nyc.gov. ইমেইলে পাঠানো আপনার অনুরোধে সব সমন নম্বর তালিকাভুক্ত করতে ভুলবেন না।

সমন জারির তারিখ থেকে 5টি কার্যদিবসের মধ্যে আপনার দ্রুত OATH শুনানির অধিকার থাকলেও, যদি শুনানি পুনঃনির্ধারিত হয়, স্থগিত করা হয়, অথবা যদি আপনি আপনার সমনে মুদ্রিত শুনানির তারিখে বা তার আগে সমনের জবাব না দেন, তাহলে দ্রুত শুনানির অধিকার আর থাকবে না।

## যদি আমি সমনের জবাব না দিই এবং শুনানির জন্য উপস্থিত না হই (ডিফল্ট) তাহলে কী হবে?

যদি আপনি শুনানির তারিখের আগে সমনের জরিমানা পরিশোধ না করেন এবং আপনি বা আপনার প্রতিনিধি শুনানিতে অংশগ্রহণ করে আপনার সমনের বিরোধিতা না করেন, তাহলে আপনাকে ডিফল্টভাবে লঙঘনের জন্য দায়ী বলে প্রমাণিত হবে এবং $10,000 জরিমানা আরোপ করা হবে **এবং সিল করার আদেশ এক বছর পর্যন্ত বহাল রাখা হতে পারে।**

OATH-এর নিয়ম অনুযায়ী, ডিফল্ট হওয়া পক্ষসমূহের ডিফল্ট বাতিল করার জন্য আবেদন করার এবং সমন ও সিল করার আদেশের বিষয়ে নতুন করে শুনানির সুযোগ রয়েছে। ডিফল্ট সম্পর্কে আরও জানতে এবং নতুন শুনানির অনুরোধ করার জন্য প্রয়োজনীয় ফর্মটি খুঁজে পেতে nyc.gov/hearings দেখুন।

## শুনানিতে কী হবে?

শুনানিতে, শুনানি কর্মকর্তা সমন পর্যালোচনা করবেন এবং NYC শেরিফ (আবেদনকারী) এবং আপনি (বিবাদী) উভয়কেই প্রমাণ, সাক্ষী এবং যুক্তি উপস্থাপনের সুযোগ দেবেন। আপনি নিজে উপস্থিত হতে পারেন অথবা একজন অনুমোদিত প্রতিনিধিকে উপস্থিত করতে পারেন। শুনানি কর্মকর্তা সিদ্ধান্ত নেবেন যে সমন খারিজ করা হবে নাকি লঙঘন বহাল রাখা হবে। যদি সমনে সিল করার আদেশের উল্লেখ থাকে, তাহলে শুনানি কর্মকর্তা সিল করার আদেশটি সঠিকভাবে জারি করা হয়েছে কিনা তাও নির্ধারণ করবেন।

## শুনানির পর কী হবে?

শুনানি শেষ হওয়ার পর, OATH পক্ষগুলির কাছে একটি লিখিত সিদ্ধান্ত পাঠাবে। **সমন** সংক্রান্ত OATH-এর সিদ্ধান্ত একটি চূড়ান্ত প্রশাসনিক সিদ্ধান্ত এবং OATH-এ বা NYC শেরিফের কাছে আপিল করা যাবে না। যেকোনো **সিল করার আদেশের** বিষয়ে OATH-এর সুপারিশ শুনানি শেষ হওয়ার চারটি (4) কার্যদিবসের মধ্যে NYC শেরিফের চূড়ান্ত সিদ্ধান্তের সাপেক্ষ। সিল করার আদেশ সম্পর্কিত যেকোনো তথ্য জমা দেওয়ার জন্য আপনি (718) 707-2100 নম্বরে NYC শেরিফের সাথে যোগাযোগ করতে পারেন।

## শুনানির পর যদি আমাকে লঙঘনের জন্য দায়ী বলে প্রমাণিত হয়, তাহলে কী জরিমানা হবে?

আপনাকে যদি লঙঘনের জন্য দায়ী বলে প্রমাণিত হয়, তাহলে লঙঘন অব্যাহত থাকা পর্যন্ত প্রতিদিন $10,000 জরিমানা ধার্য হবে, তবে সর্বোচ্চ জরিমানা $25,000। এই জরিমানাগুলি আইন দ্বারা নির্ধারিত এবং সেগুলি কমানো, মুকুব করা বা অন্যথায় মধ্যস্থতা করা যাবে না। যদি শুনানি কর্মকর্তা সিল করার আদেশ বহাল রাখার জন্য নিউ ইয়র্ক সিটি শেরিফকে সুপারিশ করেন, তাহলে শুনানি শেষ হওয়ার পর চারটি (4) কর্মদিবসের মধ্যে নিউ ইয়র্ক সিটি শেরিফ সেই সিল করার আদেশ সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

## সিল করার আদেশ সম্পর্কে যদি আমার কোনো প্রশ্ন থাকে, তাহলে কী হবে?

(718) 707-2100 নম্বরে NYC শেরিফের সঙ্গে যোগাযোগ করুন।

**আরও সহায়তার জন্য, OATH-এর যেকোনও অবস্থানে সোমবার থেকে শুক্রবার, সকাল 8টা থেকে বিকাল 5টা পর্যন্ত সশরীরে, (212) 436-0845 নম্বরে টেলিফোনের মাধ্যমে, বা Manhelpcenter@oath.nyc.gov এ ইমেলের মাধ্যমে OATH সহায়তা কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।**